



পিআইবি'র ইনোভেশন টিম এর ২৭.০২.২০১৯ তারিখ সকাল ১০.০০ টায় অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

পিআইবি'র ইনোভেশন টিম এর একটি সভা ২৭.০২.২০১৯ তারিখ সকাল ১০.০০ টায় ইনোভেশন অফিসার ও পরিচালক (প্রশাসন) জনাব মো. ইলিয়াস ভূইয়া-এর সভাপতিত্বে তার অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ নিম্নরূপঃ

ক্র.নং	নাম ও পদবী	কমিটির পদবী
১.	ড. কামরুল হক, রিসার্চ অফিসার	সদস্য
২.	মো. জাকির হোসেন, উপ-পরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব	সদস্য
৩.	মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঞা, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অতিরিক্ত দায়িত্ব	সদস্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

কমিটির সদস্য জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঞা জানান, মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী এবং পিআইবি'র উদ্ভাবন কর্মপরিকল্পনার ক্রম নং ৫.৩ অনুযায়ী উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং প্রকল্পের তালিকা তৈরি করা হয়েছে এবং তা তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে। উদ্ভাবনী উদ্যোগের কার্যক্রম গুলো হচ্ছে, অনলাইন সার্টিফিকেট কোর্স অন জার্নালিজম। উক্ত কোর্সটি চলমান রয়েছে। প্রশিক্ষণার্থী নির্বাচনে পুনরাবৃত্তি রোধকল্পে প্রশিক্ষণার্থী সাংবাদিকদের ডাটাবেজ তৈরি করা। এ প্রেক্ষিতে ইনোভেশন অফিসার ও পরিচালক (প্রশাসন) মহোদয় উক্ত ডাটাবেজ তৈরির নিমিত্তে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগপূর্বক কোর্সের সংগ্রহের জন্য নির্দেশনা দিয়েছেন। পিআইবি'র মোবাইল অ্যাপ্লিকেশন তৈরির বিষয়ে আইসিটি বিভাগে প্রয়োজনীয় তথ্যাদি জমা দেয়া হয়েছে। এছাড়া পিআইবি গ্রন্থাগারের সকল বইয়ের ক্যাটালগ কম্পিউটারাইজ করার কাজ চলমান রয়েছে।

কর্মপরিকল্পনার ক্রম নং ১৬.১.১, ১৬.২.১ অনুযায়ী গত ১৪.০১.২০১৯ তারিখে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া ইতিপূর্বে কর্মপরিকল্পনার ক্রম নং ১.১.১, ১.১.২, ১.৩.১ অনুযায়ী নির্ধারিত সময়ে পিআইবি'র উদ্ভাবন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ প্রণয়ন করা হয়েছে ও তা মন্ত্রীপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে।

কর্মপরিকল্পনার ক্রম নং ২.১.১ অনুযায়ী ইতোমধ্যে ইনোভেশন টিমের পাঁচটি সভা অনুষ্ঠিত হয়েছে। ক্রম নং ২.১.১ অনুযায়ী ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত বাস্তবায়নে পদক্ষেপ নেয়া হয়েছে।

গত ১৯ ডিসেম্বর ২০১৮ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত তথ্য মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার বার্ষিক উদ্ভাবন/ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুযায়ী তথ্য মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট কর্তৃক নাগরিক সেবায় উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে [কর্মপরিকল্পনার ক্রম নং ৩.১.১] ২০ জানুয়ারি ২০১৯ তারিখে আয়োজিত এক দিনের কর্মশালায় জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঞা অংশগ্রহণ করেছেন। এছাড়া তথ্য মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট কর্তৃক নাগরিক সেবায় উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে [কর্মপরিকল্পনার ক্রম নং ৩.২.১] ৩০-৩১ জানুয়ারি ২০১৯ তারিখে আয়োজিত দুই দিনের কর্মশালায় প্রশিক্ষক জনাব মোহাম্মদ আব্দুল মান্নান অংশগ্রহণ করেছেন। এছাড়া তথ্য মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে বাংলাদেশ বেতার কর্তৃক নাগরিক সেবায় উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে [কর্মপরিকল্পনার ক্রম নং ৩.৩.৩] ২৪-২৮ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে আয়োজিত পাঁচ দিনের প্রশিক্ষণে মহাপরিচালক মহোদয় গুরুর আসুস্থ থাকায় পিআইবি থেকে কাউকে প্রেরণের সিদ্ধান্ত পাওয়া যায় নি। ইনোভেশন মেন্টরিং কর্মশালায় [কর্মপরিকল্পনার ক্রম নং ৮.১.১, ৮.২.১] অংশগ্রহণের জন্য পরিচালক (প্রশাসন) জনাব মো. ইলিয়াস ভূইয়া এবং রিসার্চ অফিসার জনাব ড. কামরুল হক-এর নাম তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

পরিশেষে নির্ধারিত সময়ের মধ্যে উদ্ভাবন কার্যক্রম সম্পাদনের জন্য ইনোভেশন অফিসার সকলের সহযোগিতা কামনা করেন এবং আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো: ইলিয়াস ভূইয়া)
ইনোভেশন অফিসার
ও
পরিচালক (প্রশাসন)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. মোহাম্মদ আব্দুল মান্নান, প্রশিক্ষক, পিআইবি, ঢাকা।
২. ড. কামরুল হক, রিসার্চ অফিসার, পিআইবি, ঢাকা।
৩. জনাব মো. জাকির হোসেন, উপ-পরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব, পিআইবি, ঢাকা।
৪. জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অ.দা), পিআইবি, ঢাকা।
৫. অফিস কপি।